

সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৯৭৪

২৫/ সন্যবহার ও পারস্পরিক সম্পর্ক বজায় রাখা (ﷺ) عن رسول الله

পরিচ্ছেদঃ ৪৭. নির্লজ্জতা, বেহায়াপনা ও অশ্লীল আচরণ প্রসঙ্গে

باب مَا جَاءَ فِي الْفُحْشِ وَالتَّفَحُّشِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى الصَّنَعَانِيُّ، وَغَيْرُهُ، وَاحِدٍ، قَالُوا حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، عَنْ مَعْمَرٍ، عَنْ ثَابِتٍ، عَنْ أَنَسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " مَا كَانَ الْفُحْشُ فِي شَيْءٍ إِلَّا شَانَهُ وَمَا كَانَ الْحَيَاءُ فِي شَيْءٍ إِلَّا زَانَهُ " . وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لَا نَعْرِفُهُ إِلَّا مِنْ حَدِيثِ عَبْدِ الرَّزَّاقِ .

বাংলা

১৯৭৪। আনাস (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নির্লজ্জতা ও অশ্লীলতা কোন বস্তুর শুধুমাত্র কদর্যতাই বাড়িয়ে দেয়। আর লজ্জা কোন জিনিসের সৌন্দর্যতাই বাড়িয়ে দেয়।

সহীহ, ইবনু মাজাহ (৪১৮৫)

আয়িশা (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। আবু ঈসা বলেন, এ হাদীসটি হাসান গারীব। আমরা এ হাদীসটি শুধুমাত্র আবদুর রাযযাকের সূত্রেই জেনেছি।

English

Anas narrated that the Messenger of Allah said:
"Al-Fuhsh is not present in anything but it mars it, and Al-Haya' is not present in anything but it beautifies it."

হাদিসের শিক্ষা

* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

- ১। ইসলাম হলো একটি লজ্জা উপলব্ধি, সদয় হওয়া এবং উত্তম আচরণের ধর্ম; তাই এই ধর্ম মানুষকে নিষ্ঠুর ও অশালীন কথা, কাজ এবং গুণাবলী হতে সতর্ক করে।
- ২। আল্লাহর ধর্ম ইসলামে লজ্জা অনুভব করার বিষয়টি হলো একটি সুন্দর এবং প্রশংসনীয় গুণাবলীর অন্তর্ভুক্ত বিষয়; তাই মুসলিম ব্যক্তির উচিত যে, সে যেন এই সুন্দর প্রশংসনীয় গুণের দ্বারা অলংকৃত ও সুসজ্জিত হয়।
- ৩। লজ্জা অনুভব করার বিষয়টি মুসলিম ব্যক্তিকে আল্লাহর আনুগত্যের কাজে সজাগ বা সচেতন রাখে এবং তাকে পাপ বা অসৎকর্ম হতে বিরত রাখে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=40708>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন